মেহেরপুরে গণপ্রকৌশল দিবস ২০২৪ পালন

“বৈষম্যহীন কর্মক্ষেত্র-সময়ের দাবি” এই প্রতিপাদ্যে মেহেরপুরে গণপ্রকৌশল দিবস’২০২৪ আইডিইবি’র গৌরবোজ্জ্বল ৫৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালীর আয়োজন করা হয়েছে।

ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) মেহেরপুর জেলা শাখার আয়োজনে আজ সোমবার (১১ নভেম্বর) সকাল ১০ টার দিকে পৌর কমিউনিটি সেন্টার প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে লালটুর মোড়ে এসে শেষ হয়।

জনসংযোগ ও প্রচার সদস্য প্রকৌশলী মোস্তফা কামালের নেতৃত্বে র্যালীতে কেন্দ্রীয় আইডিবির অন্তর্বর্তীকালীন আহ্বায়ক কমিটির উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, আইডিইবি’র সভাপতি আনিসুজ্জামান বকুল, সাধারণ সম্পাদক মারুফ হোসেন, সহ-সভাপতি মিজানুর রহমান, শামীম রেজা, যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক আব্দুল আলিম প্রমুখ উপস্থিত ছিলেন।

এর পরে সেখানে আলোচনা সভার আয়োজন করা হয়।

সিরিজ নির্ধারণী ম্যাচের আগে বাংলাদেশ শিবিরে দুঃসংবাদ

প্রথম ম্যাচ হেরে আফগানিস্তানের বিপক্ষে সিরিজে পিছিয়ে পড়েছিল বাংলাদেশ। দ্বিতীয় ওয়ানডেতে অধিনায়ক নাজমুল হোসেন শান্তর ব্যাটে ভর করে সমতায় ফিরে টাইগাররা। প্রথম দুই ম্যাচ পর সিরিজে ১-১ সমতা থাকায় আজকের শেষ ম্যাচ হয়ে উঠেছে অনেকটা ‘ফাইনালে’র মতো। সিরিজ

নির্ধারণী এই ফাইনালের আগেই দুঃসংবাদ হয়ে এলো টাইগার অধিনায়কের ইনজুরি। কুঁচকির চোটে শারজায় আফগানিস্তানের বিপক্ষে দল থেকে ছিটকে পড়লেন শান্ত।

বাংলাদেশ সময় আজ বিকেল ৪টায় শুরু হবে এই ম্যাচ। গত ৯ নভেম্বর দ্বিতীয় ওয়ানডেতে বাংলাদেশের জয়ে গুরুত্বপূর্ণ অবদান ছিল অধিনায়ক নাজমুলের। ব্যাট হাতে করেছেন ১১৯ বলে ৭৬ রান, হয়েছেন ম্যান অব দ্য ম্যাচও। কিন্তু সে ম্যাচেই কুঁচকিতে চোট পেয়ে ফিল্ডিংয়ের সময় তাঁকে বসে থাকতে হয় ড্রেসিংরুমে।

এ ধরনের চোট গুরুতর না হলেও সাধারণত সপ্তাহখানেক লেগে যায় পুরোপুরি সুস্থ হতে। তবে গতকাল করানো এমআরআই রিপোর্ট হাতে পাওয়ার পর বাংলাদেশ টিম ম্যানেজমেন্ট নিশ্চিত হয়েছে, নাজমুলের কুঁচকির চোটটা ভালোই গুরুতর। আফগানিস্তানের বিপক্ষে আজকের শেষ ম্যাচে তাই তিনি খেলতে পারবেন না। নাজমুলের অনুপস্থিতিতে দলকে নেতৃত্ব দেবেন মেহেদী হাসান মিরাজ।

শুধু আজকের ম্যাচই নয়, এই চোটে শান্ত অনিশ্চিত হয়ে পরেছে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে প্রথম টেস্টেও। দল সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে, ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ২২ নভেম্বর থেকে শুরু টেস্ট সিরিজে খেলাও আপাতত অনিশ্চিত নাজমুলের। অন্তত প্রথম টেস্টটা যে খেলতে পারছেন না সেটি মোটামুটি নিশ্চিত। কারণ পুরোপুরি সুস্থ না হয়ে খেলতে নামলে চোটের অবস্থা আরও খারাপের দিকে যাওয়ার শঙ্কা থাকবে।

শারজায় আফগানিস্তান সিরিজের প্রথম ওয়ানডের পর হারাতে হয়েছে মুশফিকুর রহিমকে। আঙুলের চোট আফগানিস্তান সিরিজের পরের দুই ওয়ানডে থেকে তো বটেই, অভিজ্ঞ এই ব্যাটসম্যানকে ছিটকে দিয়েছে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টেস্ট সিরিজ থেকেই। মুশফিকের পর নাজমুল-ওয়েস্ট ইন্ডিজে পূর্ণাঙ্গ সিরিজের আগে তিন ওয়ানডের ছোট্ট আফগানিস্তান সিরিজে একটু বেশিই বোধ হয় মূল্য দিতে হলো বাংলাদেশ দলকে।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে পুলিশের অভিযানে ৯ আসামি গ্রেফতার

২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৯ আসামি গ্রেফতার করেছে মেহেরপুর পুলিশ।

গ্রেফতারকৃতদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত ৫ জন ও নিয়মিত মামলার ৪ আসামি রয়েছেন।

রবিবার সকাল থেকে আজ সোমবার (১১ নভেম্বর) ভোররাত পর্যন্ত মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর থানা পুলিশ ও জেলা গোয়েন্দা পুলিশের পৃথক টিম আলাদা আলাদা অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন।

মেহেরপুর পুলিশ সুপরের কন্ট্রোলরুম এই তথ্য নিশ্চিত করেছে।

আজ সোমবার (১১ নভেম্বর) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতে নেওয়া হবে।

মেহেরপুর পৌরসভার সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা আব্দুর রহমান আর নেই

মেহেরপুর জেলা বিএনপি’র সহ—সভাপতি ও মেহেরপুর পৌরসভার সাবেক চেয়ারম্যান আব্দুর রহমান (৭৪) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রজিউন)।

আজ সোমবার (১১ নভেম্বর) ভোর ৪টার সময় হৃদরোগে আক্রান্ত হয়ে নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেন তিনি।
তাঁর স্ত্রী, দুই ছেলে, দুই মেয়ে, আত্মীয় স্বজন, রাজনৈতিক সহকর্মী, বন্ধুসহ অসংখ্য গুণগ্রাহী রয়েছেন।

আরও পড়ুন গাংনীতে সহকারি অধ্যাপক আব্দুর রশিদের স্বরণ সভা ও দোয়া অনুষ্ঠিত

পারিবারিক সূত্র জানিয়েছে, তিনি দীর্ঘদিন যাবৎ হৃদরোগসহ বিভিন্ন রোগে ভুগছিলেন। তিনি চিকিৎসকের আওতায় ওষধপথ্য সেবন করতেন।

আব্দুর রহমান শুরু থেকেই বিএনপির রাজনীতির সাথে জড়িত। মেহেরপুরে বিএনপির প্রতিষ্ঠাতা সাবেক এমপি আহমেদ আলীর হাত ধরে তিনি বিএনপির রাজনীতিতে আসেন।

তৎকালিন এরশাদ সরকারের আমলে (১৯৮৮ সালে) বিপুল ভোটের ব্যবধানে মেহেরপুর পৌর সভার চেয়ারম্যান নির্বাচিত হন।

তিনি বিএনপির বিভিন্ন পদে অধিষ্ট ছিলেন। দীর্ঘদিন যাবৎ মেহেরপুর জেলা বিএনপির সহ—সভাপতির দায়িত্ব পালন করে আসছেন।

আরও পড়ুন মেহেরপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

বিএনপির জৈষ্ঠ নেতা আব্দুর রহমানের মৃত্যুতে শোক জানিয়েছেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দীন খান, জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টনসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ।

মঞ্চ মাতালেন কাঙালিনী সুফিয়া ও সাব্বির

বয়সের ভারে ন্ব্যুজ্ব আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বাউলশিল্পী কাঙালিনী সুফিয়া। বয়স ৯০ বছর পেরিয়েছে। শরীরে নানান রোগে বাসা বেঁধেছে। তবুও মঞ্চে উঠে গান গেয়ে মঞ্চ মাতালেন এ শিল্পী কাঙালিনী সুফিয়া। বয়স হলেও তিনি গান ভুলে যাননি। এখনো নেচে নেচে গান করেন। আসলে তার কণ্ঠে জাদু আছে।

গতকাল রাত সাড়ে ৯টার দিকে জেলা শিল্পকলা একাডেমির উন্মুক্ত মঞ্চে তরঙ্গ কালচারাল ফেস্ট ও মেলার আয়োজিত সাংস্কৃতিক উৎসবের সমাপনী দিনে তিনি গান পরিবেশন করেন।

খ্যাতনামা এ শিল্পীর গানে মুগ্ধ হয়ে দর্শকরা উল্লসিত হয়ে ওঠে। সাথে যুক্ত হয় চ্যানেল আইয়ের সেরাকন্ঠ সাব্বির কোরাইশিসহ লালন একাডেমির শিল্পী ও বাউলরা। এদিকে বাংলার কৃষ্টি কালচার ও ঐতিহ্য উপস্থাপনের মাধ্যমে কুষ্টিয়ায় সপ্তাহব্যাপী উৎসব শেষ হয়েছে গতকাল।

তরঙ্গ সংগঠনের আয়োজন জেলা শিল্পকলা একাডেমির আঙ্গিনায় এ উৎসবে শহরের প্রায় ৩০টি স্টল বসেছে। দেশীয় পণ্য ও খাদ্য সামগ্রী নিয়ে মেলায় উপস্থিত হয় উদ্যোক্তারা। পাশাপাশি উন্মুক্ত মঞ্চে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের শিল্পীদের সমন্বয়ে রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত, ফোন, আধুনিক গান, বাউল ও সাধুসঙ্গ, ব্যান্ড শো, নৃত্য, আবৃত্তি ও বাদ্যযন্ত্রের ঝনঝনানি উপস্থাপন করেছে।

নারী উদ্যোক্তা সাফিনা আঞ্জুম জনী বলেন, টাকা দিয়ে গুণী শিল্পীর মূল্যায়ন হয় না। এরপরও গানে মুগ্ধ হয়ে সামান্য কিছু টাকা উপহার দিলাম। উনি ৯০ বছরে যে ভাবে গান গাইলেন, দর্শকরা তার কন্ঠের জাদুময়ী গামে মুগ্ধ হয়ে শুনেছে।

তরঙ্গ সংগঠনের সাধারণ সম্পাদক ইশতিয়াক মুন্না বলেন, সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে মাদক, সন্ত্রাস দূর করা সম্ভব। এই আয়োজনের মাধ্যমে মেলায় আগত দর্শকরা বিনোদনের খোরাক হিসেবে জনপ্রিয় শিল্পীদের গান উপভোগ করতে পারলো।

তরঙ্গ সংগঠনের সভাপতি তাসফী পারভেজ রোহান বলেন, কুষ্টিয়াবাসী ভাগ্যবান, কাঙালিনী সুফিয়ার মতো একজন গুণী শিল্পীর গান শুনে মানুষ যেমন আনন্দিত তেমনি আমরা আয়োজক হিসেবেও ধন্য। এ বয়সেও তিনি গান গেয়ে সবাইকে মুগ্ধ করেন। আমরা ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখতে চাই।

বাউলশিল্পী কাঙালিনী সুফিয়া বলেন, আমার বয়স ৯০ বছর পেরিয়েছে। সবাই আমার জন্য দোয়া করবেন। আমার বয়স হয়েছে। এখন আর আগের মতো গাইতে পারি না, তবুও চেষ্টা করি। এখন মেয়ে আমাকে সহযোগিতা করে।

জেলা শিল্পকলা একাডেমির কালচারাল অফিসার সুজন রহমান জানান, হাসি-কান্নার মতো উৎসবের রংও সর্বজনীন। ঠিক যেমন একই রকম রং জগতের

তাবৎ যাতনা আর প্রেমের। প্রেম, যাতনা, সম্মিলন নানা ভাব থেকে গানের সৃষ্টি। তরঙ্গ সংগঠন আয়োজিত অনুষ্ঠানে মেলা বাউল গানসহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন এবার দাড়শকের মুগ্ধ করেছে। এই মেলা থেকে উৎসারিত গান যাপিত জীবন উদযাপনের রঙিন অনুষঙ্গ বলেও জানান তিনি।

আলমডাঙ্গায় সাবেক ইউপি চেয়ারম্যানসহ গ্রেপ্তার ৬

আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল হালিমসহ ৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল শনিবার(৯ নভেম্বর) দিনগত রাতে তাদেরকে গ্রেফতার করে পরদিন আজ আদালতে সোপর্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামীরা হলেন পাঁচকমলাপুর গ্রামের মৃত সৈয়দ আলী মন্ডলের ছেলে খাদিমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি ও সাবেক চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল (৬৩), খাদিমপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে আব্বাস আলী (২৪), একই গ্রামের আশাদুল ইসলামের ছেলে আনারুল ইসলাম আনন্দ(২৮), বেলগাছী গ্রামের জয়নাল মন্ডলের ছেলে কামাল হোসেন (৫৩), ওসমানপুর গ্রামের মৃত ফজলু হোসেনের ছেলে আসানুজ্জামান ঝন্টু (৪৫) ও ভোদুয়া গ্রামের মৃত তৈহির উদ্দিনের ছেলে ইছাহক আলী(৫০)।

ইতোপূর্বে লক্ষীপুর গ্রামের আবুল হোসেনের ছেলে মহাসীন আলী বাদী হয়ে ৯ নভেম্বর রাতে ৪২ জনের নাম উল্লেখসহ আরও ৫০/৬০ জন অজ্ঞাত ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করেন।

মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে যে, ২০২৩ সালের ১১ ফেব্রুয়ারি দুপুর সাড়ে ৩টায় বিএনপির কেন্দ্রীয় ঘোষিত ইউনিয়ন পদযাত্রার কর্মসুচি থাকায় মহাসিন আলীসহ ৩০/৪০ জন বিএনপি নেতাকর্মি পদযাত্রায় অংশ গ্রহণের জন্য যাচ্ছিলেন। খাদিমপুর ইউনিয়নের পাঁচকমলাপুর গ্রামের হায়দার মোড়ে পৌঁছালে আওয়ামীলীগের উশৃংখল নেতা-কর্মিরা দেশীয় অস্ত্র নিয়ে পরিকল্পিতভাবে বিএনপি

নেতাকর্মীদের উপর হামলা, মারপিট করে ও ককটেল বিষ্ফোরণ ঘটায়। ৫ টি মোটরসাইকেল কেড়ে নেওয়া হয়।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মাসুদুর রহমান জানান, গত বছর কেন্দ্র ঘোষিত পদযাত্রায় অংশ নিতে যাওয়ার সময় বিএনপি নেতাকর্মীদের উপর হামলা মামলায় তাদেরকে গ্রেফতার করা হয়েছে।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে ফেনসিডিলসহ ১ মহিলা আটক

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে কার্পাসডাঙ্গা থেকে ১৫ বোতল অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিলসহ ১ জন মহিলাকে আটক করেছে দামুড়হুদা মডেল থানার অন্তগত কার্পাসডাঙ্গা ফাঁড়ি পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে কার্পাসডাঙ্গা বাজারের বন্ধু টেলিকমের সামনে থেকে তাকে হাতেনাতে আটক করা হয়।

গ্রেফতারকৃত মহিলা হলো দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের মুন্সিপুর গ্রামের মাঝের পাড়ার বিল্লালের মেয়ে নাসরিন বেগম (৩৫)পুলিশ সুত্রে জানাগেছে, গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার খন্দকার গোলাম মাওলা মহোদয় ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীরের নির্দেশনায় কার্পাসডাঙ্গা ফাঁড়ি ইনচার্জ এস আই এস এম নিয়ামুল হক সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানের ডিউটি পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা বাজারের বন্ধু টেলিকমের সামনে থেকে নাসরিন বেগমকে অবৈধ মাদকদ্রব্য ১৫ বোতল ফেন্সিডিলসহ তাকে হাতেনাতে আটক করে। বর্তমানে তার বিরুদ্ধে মামলা রজু করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ন কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, একজন মহিলাকে অবৈধ মাদকদ্রব্য ১৫ বোতল

ফেনসিডিলসহ আটক করা হয়েছে। আজ রবিবার আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

জীবননগর সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মিল্টন মোল্লা আটক

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টনকে আটক করেছে পুলিশ।

আজ রবিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে মহেশপুর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর থানার পুলিশের একটি টিম মহেশপুর এলাকায় অভিযান চালিয়ে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর গ্রামের আব্দুল মালেক মোল্লার ছেলে সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান এজাহারনামীয় পলাতক আসামি মোঃ ইশাবুল ইসলাম মিল্টন মোল্লাকে (৪৫) আটক করে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি মোঃ মামুন হোসেন বিশ্বাস বলেন, আটককৃত ইউপি চেয়ারম্যান মিল্টন মোল্লা আত্মগোপনে থাকা অবস্থায় মহেশপুর থানার অফিসার ফোর্স এর সহযোগিতায় মহেশপুর থানা এলাকা হতে আটক করা হয়। তার বিরুদ্ধে জীবননগর থানার মামলা নম্বর ১৪ তারিখ ১৮/১০/২৪ এর ৭ নং এজাহারনামীয় আসামি । মামলার পর থেকেই আসামী বিভিন্ন সময় জায়গা পরিবর্তন করে আসছিল। উক্ত আসামীকে সোর্স এর মাধ্যমে সংবাদ পেয়ে আটক করা হয়।

গাংনীতে সহকারি অধ্যাপক আব্দুর রশিদের স্বরণ সভা ও দোয়া অনুষ্ঠিত

গাংনী সরকারি ডিগ্রি কলেজের অবসরপ্রাপ্ত সহকারি অধ্যাপক ও সুশাসনের জন্য নাগরিক সুজনের গাংনী উপজেলা শাখার সভাপতি সদ্য প্রয়াত আব্দুর রশিদের স্বরণ সভা ও দোয়ার অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্ট পরিবারের পক্ষ থেকে আজ রবিবার (১০ নভেম্বর) বিকালে গাংনী ফুঁলকুড়ি মাধ্যমিক স্কুল মাঠে এই স্বরণ সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

সুশাসনের জন্য নাগরিক (সুজন) মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক সৈয়দ জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত স্বরণ সভায় বক্তব্য রাখেন, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, আব্দুর রশিদের ঘনিষ্ট বন্ধু কুষ্টিয়া সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক মো: আক্তার হোসেন, হাটবোয়ালিয়া মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজের সাবেক অধ্যক্ষ আব্দুস সাত্তার, একই বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক বীরমুক্তিযোদ্ধা আবুল কাসেম, মরহুমের সহপাঠি বিল্লাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক কেতাব আলী বিএসসি, মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের অবসরপ্রাপ্ত শিক্ষক মোরাদ হোসেন, গাংনী উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইসচেয়ারম্যান লাইলা আরজুমান বানু, আব্দুর রশিদের সরাসরি ছাত্র বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, আব্দাল হক, ডিজিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, সাংবাদিক জুলফিকার আলী কানন, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, মুক্তিযোদ্ধা আহমেদ আলী টেকনিকেল কলেজের প্রভাষক রফিকুল ইসলাম বকুল, হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক আফরোজা আক্তার বানু, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আজিজুল হক রানু, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া সমন্বয়ক হেলাল উদ্দীন।

এসময় তার সহধর্মিনী ইভা রশিদ ও ছেলে সাহেদ আহমেদ উপস্থিত ছিলেন।

সুজনের গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক ও করমদি ডিগ্রি কলেজের প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টুর সঞ্চালনায় অনুষ্ঠিত স্বরণ সভায় সমাপনি বক্তব্য রাখেন, সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম।

স্বরণ সভায় আলোচকবৃন্দ সহকারি অধ্যাপক আব্দুর রশিদের জীবনীর উপর নানা তথ্য উপাত্য তুলে ধরে বলেন আব্দুর রশিদের মৃত্যুতে গাংনী উপজেলাবাসি একজন সৎ নিষ্ঠাবান সমাজ সংস্কারক ও শিক্ষাবিদকে হারিয়েছেন। সমাজের বিভিন্ন অসংগতি অনাচার দূরিকরণে আব্দুর রশিদ স্বোচ্ছার ছিলেন। তিনি মানুষকে সততার দিকে আহবান জানাতেন।

উল্লেখ্য, গাংনী সরকারি ডিগ্রি কলেজের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক (অবসরপ্রাপ্ত) সহকারি অধ্যাপক আব্দুর রশিদ গত ৩০ অক্টোবর বুধবার ভোর ৪টার দিকে ঢাকার ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

অভিশাপের কারনে হাসিনা সহ তার এমপি মন্ত্রীরা দেশ ছেড়ে পালিয়েছে… সাবেক এমপি আমজাদ

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন বলেছেন ৭৪ সালে দূর্ভিক্ষের সময় কুকুরের সাথে মানুষ খাবার নিয়ে টানাটানি করেছে। খাবারের অভাবে মানুষ ডাষ্টবিনের খাবার খেয়েছে। শেখ মুজিবের সময় সেটি হয়েছে।

আজ রবিবার বিকালে গাংনী বাজার বাসষ্ট্যান্ডে ৭ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে র্যালি শেষে সংক্ষিপ্ত সভায় তিনি একথা বলেন।

তিনি আরো বলেন,শেখ হাসিনার শাসন আমলে গুম খুন ধর্ষন লুটপাট হুলিয়া থেকে শুরু করে সব অপকর্ম হয়েছে। এসব অপকর্ম আর অভিশাপের কারনে হাসিনা সহ তার এমপি মন্ত্রীরা দেশ ছেড়ে পালিয়ে গেছে।

তিনি আরো বলেন, ৭ নভেম্বরকে মনেপ্রাণে ধারণা করতে হবে। স্বাধীনতার ঘোষক শহীদ জিয়াকে এ দেশের মানুষ ভালোবাসে বলেই সিপাহি-জনতা বন্দিদশা থেকে মুক্ত করে ক্ষমতায় বসিয়েছিল দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষা ও দেশের কল্যাণ-অগ্রগতির জন্য।

এর আগে গাংনী ফুটবল মাঠ থেকে একটি র্যালি বের হয়ে শহরের বিভিণ্ন সড়ক ঘুরে বাসষ্ট্যান্ড চত্তরে সংক্ষিপ্ত বক্তব্য’র মধ্যে দিয়ে শেষ হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি আব্দুর রউফ মাষ্টার।

প্রধান অতিথী হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক এমপি মো: আমজাদ হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা বিএনপির সহসভাপতি আব্দুর রাজ্জাক মাষ্টার। অনুষ্ঠান সঞ্চালণা করেন বিএনপি নেতা মুস্তাফিজুর রহমান বাবলু। এসময় উপজেলা বিভিন্ন গ্রামের হাজার হাজার নেতাকর্মীরা র্যালি ও সংক্ষিপ্ত আলোচনা সভায় যোগদেন।